

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।
জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (NSC) ভবন, লেভেল-১৪
৬২/৩ পুরানা পল্টন, ঢাকা-১০০০।
www.dhaka.ccie.gov.bd



স্মারক নং-২৬.০৩.১১০০.০০১.০২.০১২.২০ ৭৬১৭ (৩)

তারিখঃ ১৫ অগ্রহায়ণ ১৪২৯
৩০ নভেম্বর ২০২২


অফিস আদেশ

বিষয়ঃ অত্র দপ্তরের হেল্প ডেস্ক হতে সেবা গ্রহীতাদের সেবা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা হতে দীর্ঘদিন থেকে Online Licensing Module (OLM) সংক্রান্ত সেবা প্রদান করা হচ্ছে। এক্ষেত্রে সেবাগ্রহীতা OLM এর মাধ্যমে সেবা পাচ্ছেন ও অত্র দপ্তরে সরাসরি উপস্থিত হবার প্রয়োজন নেই। কিন্তু ইদানিং সেবা প্রদানের ক্ষেত্রে লক্ষ্য করা যাচ্ছে যে, প্রতিষ্ঠানের মালিক/নির্দিষ্ট প্রতিনিধি (Assigned) ব্যতীত বিভিন্ন ধরনের লোকজন অফিসে উপস্থিত হয়ে সেবা গ্রহণের জন্য প্রতারণার আশ্রয় নিচ্ছেন যাতে প্রকৃত সেবা গ্রহীতা সেবা গ্রহণ হতে বঞ্চিত হবার পাশাপাশি প্রতারণা হচ্ছে। এতে করে অত্র দপ্তরের কর্মচারীদের নিয়মিত সেবা প্রদান বিঘ্ন হচ্ছে।

২। এমতাবস্থায়, হেল্পডেস্কের মাধ্যমে সুষ্ঠুভাবে সেবা গ্রহণের নিমিত্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক, পরিচালক, পার্টনার, প্রোপাইটার স্ব-শরীরে উপস্থিত হয়ে/নির্দিষ্ট প্রতিনিধি (Assigned) প্রতিনিধির ক্ষেত্রে প্রযোজ্য এনআইডি, অফিসিয়াল আইডি কার্ড ও ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক স্বাক্ষরিত অথোরাইজেশন লেটার এর মূল কপি প্রদর্শনপূর্বক সেবা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। জনস্বার্থে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


মোঃ মাসুদুল মান্নান

(নিয়ন্ত্রক)

আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা

ফোন-৪১০৫০২৭৮

email: controller.dhaka@ccie.gov.bd

বিতরণঃ

- ১। সকল কর্মকর্তা ও কর্মচারী, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।
- ২। প্রধান নিয়ন্ত্রক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।
- ৩। ওয়েব সাইটে প্রকাশের জন্য জনাব মোঃ রনি মিয়া, নির্বাহী অফিসার, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।
- ৪। অফিস কপি